

স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

বাংলা

সেমিস্টার : ৪ : কোর্স : ২

বিশেষ পত্র : বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। জীবনের প্রতিটি বাঁকে একজন করে নারী টোড়াইকে নিয়ন্ত্রণ করেছে।— ‘টোড়াই চরিত মানস’ উপন্যাসের প্রেক্ষিতে এই বক্তব্যকে যুক্তিসহ বিশ্লেষণ করো। ১০
- ২। ‘টোড়াই চরিত মানস’ উপন্যাসে সমকালীন রাজনীতির প্রতিফলন কীভাবে পড়েছে আলোচনা করো। ১০
- ৩। ‘টোড়াই চরিত মানস’ উপন্যাসের রচনারীতির বিশেষত্ব আলোচনা করো। ১০

একক - ২

- ৪। কমলকুমার মজুমদারের ‘অন্তর্জলী যাত্রা’ উপন্যাসের ভাষারীতির বিশেষত্ব আলোচনা করো। ১০
- ৫। ‘এই গ্রন্থের ভাববিগ্রহ রামকৃষ্ণের, ইহার কাব্যবিগ্রহ রামপ্রসাদের।’— ‘অন্তর্জলী যাত্রা’ উপন্যাসের ভূমিকায় স্বয়ং লেখককৃত এই মন্তব্যের তাৎপর্য ব্যাখ্যা করো। ১০
- ৬। ‘অন্তর্জলী যাত্রা’ উপন্যাসের একদিকে রয়েছে উনিশ শতকের প্রেক্ষাপট। কিন্তু সেই প্রেক্ষাপটকে অতিক্রম করে এ উপন্যাস হয়ে উঠেছে ‘ঈশ্বর দর্শন যাত্রার গল্প’— আলোচনা করো। ১০

একক - ৩

- ৭। এই ‘রহ চণ্ডালের হাড়’ বইতে নায়ক পাওয়া গেল, চোখের জলে নাকের জলে গলে যাওয়া মাংসপিণ্ডের প্রধান চরিত্র নয়, খটখটে হাড়িডর নায়ককে এখানে হাড়ে হাড়ে ঠাহর করা যায়। কিন্তু এই নায়ক কোনো একজন ব্যক্তি নয়, সে ব্যক্তি নয়, একবচন নয়। সে হল বহুবচন।— আলোচনা করো। ১০
- ৮। ‘বাজিকরদের ধর্ম যে কি তাদের জানা নেই। প্রচলিত ধর্মগুলির কোনোটিকেই তারা সচেতনভাবে গ্রহণ করে নি, আবার ধর্মও তাদের রেহাই দিয়েছে, আষ্টেপৃষ্ঠে জড়িয়ে ধরেনি।’— এই মন্তব্যের আলোকে ‘রহ চণ্ডালের হাড়’ উপন্যাসের বাজিকরদের ধর্ম বিষয়ে আলোচনা করো। ১০
- ৯। ‘রহ চণ্ডালের হাড়’ উপন্যাসে বাজিকর গোষ্ঠীর এক দেড়শো বছরের ঘোরাফেরাকে কেন্দ্র করে ঔপন্যাসিক যে বিস্তৃত অঞ্চলকে উপস্থাপন করেছেন, তার পরিচয় দাও। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) ‘মা বাপ মরা মেয়ে, সোমন্ত বয়স।’— কার সম্পর্কে একথা বলা হয়েছে ? কে বলেছে ?
- (খ) ‘টোড়াই চরিত মানস’ উপন্যাসের শেষ কাণ্ড দুটির নাম লেখো।
- (গ) যশোবতীর বাবার নাম কী ? তার একজন সৎ ছেলের নাম লেখো।
- (ঘ) ‘তুমি আমার বাবার ঠাকুর, / টোপের মাথায় দিয়ে এলে,’— এই গানটি ‘অন্তর্জলী যাত্রা’ উপন্যাসের কোন্ চরিত্রটি গেয়েছিল ? সেই চরিত্রটির পেশা কী?
- (ঙ) ‘রহ চণ্ডালের হাড়’ উপন্যাসে ‘বারাদ’ ও ‘হেলো’ শব্দ দুটির অর্থ কী ?
- (চ) ‘ঘর্ষরা’ কী ? বিশেষ কোন্ দিনে গোরখপুরের বাজিকরদের নিবাস ধবংস হয়ে গিয়েছিল ?